## RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA
(Residential Autonomous College affiliated to University of Calcutta)

**B.A./B.Sc. SECOND SEMESTER EXAMINATION, AUGUST 2021**
**FIRST YEAR [BATCH 2020-23]**
**BENGALI (HONOURS)**
**Paper : IV [CC4]**

Date : 12/08/2021
Time : 11.00 am - 1.00 pm
Full Marks : 50

(প্রতিটি প্রশ্নের উত্তর অনধিক ৫০০ শব্দের মধ্যে সম্পূর্ণ করতে হবে। নির্দিষ্ট সীমার অতিরিক্ত শব্দের ব্যবহার উত্তরের ক্ষেত্রে দুর্বলতা হিসেবে বিবেচিত হবে। )

১। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো ঃ [১×১০]

ক) কৃত্তিবাসী রামায়ণের আদিকাণ্ড অবলম্বনে বাঙালির সমাজ জীবনের পরিচয় লিপিবদ্ধ করো।

খ) কৃত্তিবাসী রামায়ণের আদিকাণ্ড অবলম্বনে শ্রীরাম চরিত্রটির বৈশিষ্ট্যসমূহ লিপিবদ্ধ করো।

২। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো ঃ [১×১০]

ক) নাথ ধর্ম দর্শন ও সাধন পদ্ধতি 'গোরক্ষবিজয়' কাব্যে কীভাবে ফুটে উঠেছে তা দৃষ্টান্তসহ আলোচনা করো।

খ) ''মোর গুরু মহাদেব পরম মোহন / গঙ্গা গৌরী দুই নারী করিছে গ্রহণ। /.... ভুলে আছে গৃহবাস আক্ষি কী বা হই" — এখানে মহাদেবের সঙ্গে মীননাথ ও গঙ্গা গৌরীর সঙ্গে কদলী রমণীগণের তুলনা কতটা যুক্তিযুক্ত বলে তোমার মনে হয় তা দৃষ্টান্তসহ আলোচনা করো।

৩। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো ঃ [১×১০]

ক) বাউলদের সাধ্য কী ? তোমার পাঠ্য বাউল গানগুলি অবলম্বন করে বাউলদের সাধ্যবস্তুর স্বরূপটি পরিস্ফুট করো।

খ) ব্যালাড বলতে কী বোঝায়? ব্যালাডের বৈশিষ্ট্যসমূহ উল্লেখ করে তোমার পাঠ্য 'মহুয়া' গীতিকায় এই ব্যালাডলক্ষণ কতখানি প্রকাশ পেয়েছে তা আনুপূর্বিক বিশ্লেষণ করো।

৪। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো ঃ [১×১০]

ক) নৃবিজ্ঞানী লুইস হেনরি মর্গ্যান আবিষ্কৃত সংস্কৃতির বিভিন্ন স্তরের উদ্বর্তনের সাধারণ নিয়মটি কি? মর্গানীয় তত্ত্বের সীমাবদ্ধতাগুলি সম্পর্কে আলোচনা করো।

খ) নিম্নলিখিত বিষয়গুলির থেকে যেকোনো **দুটি** বিষয়ের উপর টীকা লেখো। [২×৫]

অ) মানা ও অলৌকিক
আ) ম্যাজিক ও ধর্মবিশ্বাস
ই) টোটেম ও ট্যাবু
ঈ) লোকাচার ও লোকবিশ্বাস

৫। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো ঃ [১×১০]

ক) কবিকঙ্কণ মুকুন্দ চক্রবর্তীর অভয়ামঙ্গল কাব্যে লৌকিক ও পৌরাণিক উপাদান ব্যবহারে কবি যে দক্ষতার পরিচয় দিয়েছেন তা তোমার পাঠ্যাংশ অবলম্বনে আলোচনা করো।

খ) ‘ধর্মকেতু ভায়া সনে কৈলুঁ লেনাদেনা।
তাহা হইতে ভাইপো হয়্যাছ সেয়ানা।।’ — উক্তিটি কার? কোন্ প্রসঙ্গে বক্তা এই মন্তব্য করেছেন? ‘ভাইপো’ চরিত্রটি বিশ্লেষণ করো। (১+২+৭)

———— × ————